



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ

শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

২১ ফেব্রুয়ারি ২০২৩

### বাউবিতে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অমর একুশে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবসটি উপলক্ষে ২১ ফেব্রুয়ারি ২০২৩ মঙ্গলবার সকালে বাউবি'র গাজীপুরস্থ ক্যাম্পাসের শহিদ মিনারে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ, বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, বাউবি ডিরেক্টরস্ কাউন্সিল, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়াও স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, গাছা থানা ও বিভিন্ন প্রতিষ্ঠান পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।



বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর নেতৃত্বে গাজীপুরস্থ ক্যাম্পাসের শহিদ মিনারে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন।

সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্যের নেতৃত্বে জাতীয় পতাকা অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচির সূচনা করা হয়। এর আগে ভোরে কেন্দ্রীয় শহিদ মিনারে উপাচার্যের পক্ষে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুব নাসরীন এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রের পরিচালক রানা হামিদুর রহমান ও ঢাকায় বসবাসরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

একই সাথে দেশ জুড়ে অবস্থিত বাউবি'র ১২টি আঞ্চলিক ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণের নেতৃত্বে একযোগে জাতীয় পতাকা অর্ধনমিতকরন ও কালো পতাকা উত্তোলন এবং স্থানীয় শহিদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক বাউবি ল্যাবরেটরি স্কুল ও স্থানীয় স্কুলসমূহের ছাত্র-ছাত্রীদের নিয়ে চিত্রাংকন ও সুন্দর হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)